# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 12 May, 2025

চট্টগ্রামের বাঁশখালীতে কাঁকরোল ক্ষেতে কাজ করার সময় বজ্রাঘাতে মোহাম্মদ ফিরোজ (৩৬) নামে এক কৃষি শ্রমিকের মৃত্যু হয়েছে।সোমবার (১২ মে) সকাল ৯টায় উপজেলার শীলকূপ ইউনিয়নের পূর্ব শীলকূপ ক্ষেতখোলায় এ ঘটনা ঘটে।

নিহত মোহাম্মদ ফিরোজ পূর্ব শীলকূপ ইসমাইল সিকদার পাড়া এলাকার মৃত মোঃ এয়াকুবের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, সোমবার সকালে পূর্ব শীলকূপ ক্ষেতখোলায় মোহাম্মদ ফিরোজ তার নিজের কাঁকরোল ক্ষেতে ফুল লাগাচ্ছিল।সকাল ৯টার দিকে বৃষ্টিপাতের পূর্বেই হঠাৎ বজ্রপাত শুরু হয়।একপর্যায়ে বজ্রপাতে ওই কৃষক ঘটনাস্থলে মারা যান।ফিরোজ তিন ছেলে সন্তানের জনক।

বাঁশখালী থানার পরিদর্শক (তদন্ত) সুধাংশু শেখর হালদার বলেন, শীলকূপ ইউনিয়নে বজ্রপাতে এক কৃষকের মৃত্যুর খবর পেয়েছি।এ বিষয়ে একটি অপমৃত্যু মামলা করা হবে।

বজ্রপাত কৃষক মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:53

URL: https://www.timestodaybd.com/chittagong/236949520